গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৫৮.২৬.৬৯

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ছমির উদ্দিন নিটেক্স" নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে আমদানিস্বত্ব নির্ধারণ করে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী শিল্প আইআরসি সনদ পরবর্তী ০৫ (পাঁচ) বছর মেয়াদে প্রদানের জন্য সুপারিশ প্রদান।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নম্বর: ১২৭২, তারিখঃ ১১/১০/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ছমির উদ্দিন নিটেক্স, অফিস ও কারখানাঃ এনায়েতপুর, ৩ নং ওয়ার্ড, কাশিমপুর, গাজীপুর নামক স্থানীয় বিনিয়োগে প্রতিষ্ঠিত একটি ১০০% রপ্তানিমুখী "নিটিং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অনুকূলে বস্ত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নিবন্ধন সংখ্যা: বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০৩৪৭-২৬, তারিখ: ৩০/০৯/২০২৬ খ্রিঃ।

০২। উক্ত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে কারখানাটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানিস্বত্ব নির্ধারণ পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশপত্র প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেন। আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত বস্ত্র শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত প্রয়োজনীয় কাগজপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী "নিটিং" শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য যোগ্য বিবেচিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, ছমির উদ্দিন নিটেক্স নামক ১০০% রপ্তানিমুখী "নিটিং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির লক্ষ্যে ষান্মাসিক ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা আমদানিস্বত্ব নির্ধারণ পূর্বক 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর অনুচ্ছেদ ২৩-এর (ক) ও (খ) অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশ নির্দেশক্রমে প্রদান করা হলো।

০৪। উল্লেখ্য, ১০০% রপ্তানিমুখী "নিটিং" বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে উক্ত বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটিকে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর সংশ্লিষ্ট সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

তবে, এ সুপারিশপত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোনো প্রকার আইনগত দায়মুক্তি প্রদান করা হলো না। প্রতিষ্ঠানটিকে প্রচলিত আইন, বিধি-বিধান, 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯' এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে কোনো ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

১৫-১০-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৫৮.২৬.৬৯/১ (৬)

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা প ল্টন, ঢাকা-১০০০।

২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ১৪২/১, সেগুনবাগিচা, ঢাকা/ কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), বিপ্লব টা ওয়ার, প্লট নং–২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২২৯।

৩। স্বত্বাধিকারী, ছমির উদ্দিন নিটেক্স, অফিস ও কারখানাঃ এনায়েতপুর, ৩ নং ওয়ার্ড, কাশিমপুর, গাজীপুর।

৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৬। ., অফিস কপি।

১৫-১০-২০২৬
মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)।